

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৯

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ মহান আল্লাহর প্রশংসা ও কৃতজ্ঞতা

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ عَيْكِي أُتِيَ لَيْلَةَ أُسْرِيَ بِهِ بِقَدَحَيْنِ مِنْ خَمْرٍ وَلَبَنٍ فَنَظَرَ إِلَيْهمَا فَأَخَذَ اللَّبَنَ فَقَالَ جِبِرِيلُ: اَلحَمْدُ للهِ الَّذِي هَدَاكَ لِلفِطْرَةِ لَوْ أَخَذْتَ الخَمْرَ غَوَتْ أُمَّتُكَ

বাংলা

মহান আল্লাহ বলেছেন,

فَاذْكُرُونِي أَذْكُرْكُمْ وَاشْكُرُوا لِي وَلا تَكْفُرُونِ

অর্থাৎ, তোমরা আমাকে স্মরণ কর; আমিও তোমাদের স্মরণ করব। তোমরা আমার প্রতি কৃতজ্ঞ হও, আর কৃতঘণ হয়ো না। (সূরা বাকারা ১৫২ আয়াত)। তিনি অন্যত্র বলেন,

لَئِنْ شَكَرْتُمْ لأَزيدَنَّكُمْ

অর্থাৎ, তোমরা কৃতজ্ঞ হলে তোমাদেরকে অবশ্যই অধিক দান করব, আর অকৃতজ্ঞ হলে অবশ্যই আমার শাস্তি হবে কঠোর। (সূরা ইব্রাহীম ৭ আয়াত) তিনি অন্য জায়গায় বলেন,

وَقُلِ الحَمْدُ للهِ

অর্থাৎ, বল, সমস্ত প্রশংসা আল্লাহরই। (সূরা ইসরা ১১১ আয়াত) তিনি আরো বলেছেন,

وَآخِرُ دَعْوَاهُمْ أَنِ الحَمْدُ للهِ رَبِّ العَالَمِينَ

অর্থাৎ, তাদের শেষ বাক্য হবে, আলহামদু লিল্লাহি রাবিবল আলামীন (সমস্ত প্রশংসা সারা জাহানের প্রতিপালক আল্লাহর জন্য)। (সুরা ইউনুস ১০ আয়াত)

(৩৮৯) আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, যে রাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মি'রাজ ভ্রমণে নিয়ে



যাওয়া হয়েছিল, সে রাতে তাঁর নিকট মদ ও দুধের দু'খানা পাত্র আনা হল। তখন তিনি উভয়ের দিকে তাকিয়ে দেখে দুধের বাটি খানা তুলে নিলেন। এ দেখে জিবরীল (আঃ) বললেনঃ সেই আল্লাহর প্রশংসা, যিনি আপনাকে প্রকৃতির দিকেই পথ দেখালেন। যদি আপনি মদের পাত্রটি ধারণ করতেন, তাহলে আপনার উম্মত পথভ্রম্ভ হয়ে যেত।

ফুটনোট

(বুখারী ৪৭০৯, মুসলিম ৫৩৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন